# 2016

## BENGALI

## ( Elective )

## ( Upanyas, Galpa Ebong Natak )

Paper : 5.2

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

ক—বিভাগ, খ—বিভাগ এবং গ—বিভাগের যে কোনো একটি বিভাগ থেকে প্রশ্নের উত্তর দাও।

### ক—বিভাগ

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) তারকেশ্বরের পুকুরটির নাম কী?

(খ) রমেশের ভৃত্যের নাম কী?

(গ) 'পল্লীসমাজ' উপন্যাসটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

(ঘ) "বাবা বলতেন আগুনের শেষ, ঋণের শেষ, আর শত্রুর শেষ কখনো রাখিস নে মা।"

বক্তা কে?

(ঙ) রমেশ রমাকে কী নামে ডাকত?

(চ) "ইহাদের উপাধি হইল বীরবংশী।"

কাদের কথা বলা হয়েছে?

(ছ) নিতাইয়ের মাতামহের নাম কী?

(জ) "এই পর্ব উপলক্ষে এখানে মেলা বসিয়া থাকে।" কোন্ পর্বের কথা বলা হয়েছে?

(ঝ) "ওস্তাদ তুমি বাপের সমান তোমাকে করি মান্য।" ওস্তাদটি কে?

(ঞ) নিতাইয়ের মামার নাম কী?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) কুঁয়াপুর গ্রামের হেডমাস্টারমশাই কত টাকা মাইনে নিতেন এবং তার বদলে কত টাকার রসিদ দিতেন?

(খ) "তার বড় মঙ্গলাকাঙ্খিণী তোর আর কেউ নেই।" বক্তা কে? 'মঙ্গলাকাঙ্খিণী'-র নাম কী?

(গ) "ওর হয়ে কোঁদল করতে তোমার লজ্জা করে না?" বক্তা কে? এখানে 'ওর' বলতে কার কথা বলা হয়েছে?

(ঘ) নিতাইকে 'বসন্তের কোকিল' নাম কারা দিয়েছে?

(ঙ) অট্টহাস গ্রামের দুজন বিখ্যাত কবিয়ালের নাম লেখো।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) বাড়ুয্যে মশায়ের 'কলিকাতা-প্রবাস-ইতিহাস'-টি কীরূপ?

(খ) "নিমন্ত্রিত ব্রাহ্মণ-সজ্জনেরা যাহারা যা খুশি বলিতে লাগিল।" প্রসঙ্গটি বিশদ করো।





(গ) 'পল্লীসমাজ' উপন্যাসের 'কামিনীর মা' চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।

(ঘ) 'কবি' উপন্যাসের 'রাজা' চরিত্রটি আলোচনা করো।

(ঙ) "সেই সূত্রেই গোসাঁইজীর চাকরিতে জবাব দিয়া নিতাই আসিয়া উঠিল স্টেশনে।" নিতাইয়ের গোসাঁইজীর চাকরি ছাড়ার কারণ বর্ণনা করো।

(চ) "ইহাদের ঊর্ধ্বতন পুরুষের ইতিহাস পুলিস-রিপোর্টে আছে, সে-এক ভীতিপ্রদ রক্তাক্ত ইতিহাস।" 'ইতিহাস'-টি সংক্ষেপে আলোচনা করো।

৪। প্রতি গুচ্ছ থেকে দুটি করে মোট চারটি প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

ক—গুচ্ছ

(ক) "রমেশ একটি আদর্শের প্রতীকমাত্র, তাহাকে সজীব মানুষ বলিয়া মনে হয় না।" উক্তিটির গ্রহণযোগ্যতা বিচার করো।

(খ) 'পল্লীসমাজ' উপন্যাসের 'বেণী ঘোষাল' চরিত্রটি আলোচনা করো।

(গ) 'পল্লীসমাজ' উপন্যাসে গ্রাম-বাংলার দলাদলির যে চিত্র ফুটে উঠেছে তা আলোচনা করো।

(ঘ) 'পল্লীসমাজ' উপন্যাসে 'রমা' চরিত্রটি কতটা জীবন্ত হয়ে উঠেছে, আলোচনা করো।

**খ—গুচ্ছ**

(ঙ) "আহা—ভালবেসে—এ বুঝেছি
সুখের সার সে চোখের জলে রে—"
তাৎপর্য বিশ্লেষণ করো।

(চ) 'কবি' উপন্যাস অবলম্বনে নিতাইয়ের জীবনে ঠাকুরঝির ভূমিকা আলোচনা করো।

(ছ) কাশীতে নিতাইয়ের নূতন মায়ের সঙ্গে সাক্ষাৎ ও তার কাশীত্যাগের মধ্যবর্তী ঘটনা তোমার নিজের ভাষায় ব্যক্ত করো।

(জ) 'কবি' উপন্যাস অবলম্বনে ঝুমুর দলের বর্ণনা দাও।

**খ—বিভাগ**

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) 'ভারতবর্ষ' গল্পের লেখকের নাম কী?

(খ) মোহন পণ্ডিতের আসল নাম কী?

(গ) নাসিমের মায়ের নাম কী?

(ঘ) ছবির দাদা সতীনাথ ছবির চেয়ে কত বছরের বড়ো ছিল?

(ঙ) "দেবতাকে যে শয়তানের মতো দেখে সে পাপী।"
বক্তা কে?

(চ) সঞ্জয়ের ভাইঝির নাম কী?





(ছ) প্রসাদী ডোম মোট কত বছর জেল খেটেছে?

(জ) তিলকের মায়ের নাম কী?

(ঝ) স্টীফান হোরোদের স্কুলের হেডমাস্টারের নাম কী?

(ঞ) অঞ্জনগড়ের আয়তন কত?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) "ভালো করে কাজ-কর্ম করতে পারলে জাহাজেই বহাল করব এক সময়।"
কে, কাকে একথা বলেছে?

(খ) আগুাহল্টে যুদ্ধবন্দীদের কী খাবার দেওয়া হত?

(গ) "ঐ ভাইবোনদের খপ্পর থেকে সামলে থেকো বাঙালিবাবু।"
'ভাইবোন' দুজনের নাম লেখো।

(ঘ) স্টীফান হোরোর দুজন সহপাঠীর নাম লেখো।

(ঙ) প্রতি রবিবারে কেল্লা থেকে মহারাজ কী বিতরণ করেন?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'সারেঙ' গল্পের 'গোলবানু' চরিত্র আলোচনা করো।

(খ) "তুই যদি কোনক্রমে ছ'মাস আলিপুর জেলে কাটাতে পারিস, তোর যক্ষা ভাল হয়ে যাবে।"
প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

(গ) "কালও খাবে না অমল, কাল না পরশু না, কোনোদিন না।"

বক্তার এরূপ মন্তব্যের কারণ আলোচনা করো।

(ঘ) "স্টীফানের ওপর প্রথম একটু ভয় ও শ্রদ্ধা হল একটা ঘটনায়।"

প্রসঙ্গটি বিশদ করো।

(ঙ) 'অযান্ত্রিক' গল্পের 'বিমল' চরিত্র আলোচনা করো।

(চ) "ধনিয়া অদ্ভুত মানুষ। হাসপাতালের নার্সেরা আশ্চর্য না হয়ে পারে না।"

প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য বিচার করো।

৪। প্রতি গুচ্ছ থেকে দুটি করে মোট চারটি প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

ক—গুচ্ছ

(ক) 'গাছ' গল্পের নামকরণ যথার্থ হয়েছে কি না আলোচনা করো।

(খ) অরণ্যের মানুষ কীভাবে ভিখিরিতে পরিণত হল তা 'ভারতবর্ষ' গল্প অবলম্বনে বুঝিয়ে দাও।

(গ) 'সারেঙ' গল্পে জাহাজের শ্রমিকদের জীবনচিত্র যেভাবে ফুটে উঠেছে তা আলোচনা করো।

(ঘ) 'সীমারেখার সীমা' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।





খ—গুচ্ছ

(ঙ) 'ফসিল' গল্পের 'মি. মুখার্জী' চরিত্রটি আলোচনা করো।

(চ) 'গোত্রান্তর' গল্প অবলম্বনে মধ্যবিত্ত বর্গের বিচ্যুতি ও স্বার্থপরতার বিবরণ দাও।

(ছ) 'চতুর্থ পানিপথের যুদ্ধ' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

(জ) 'পরশুরামের কুঠার' গল্প অবলম্বনে ধনিয়ার জীবন-কাহিনিটি বিশ্লেষণ করো।

গ—বিভাগ

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) দিলদারের ছদ্মনাম কী?

(খ) যোধপুরের মহারাজার নাম কী?

(গ) মোরাদকে কোন্ দুর্গে বন্দী করে রাখা হয়েছিল?

(ঘ) 'সাজাহান' নাটকে 'সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু' গানটি কে গেয়েছে?

(ঙ) "আমার হৃদয় এক শাসন জানে। সে শুধু স্নেহের শাসন"

বক্তা কে?

(চ) 'ছেঁড়া তার' নাটকের অঙ্কসংখ্যা কত?

(ছ) ফুলবিবির স্বামীর নাম কী?

(জ) "ইমান ঠিক থাকলে কোন দিন হাইর হয়ে না।"

বক্তা কে?

(ঝ) কানা ফকির কত টাকায় ফুলজানকে বিয়ে করতে রাজি হয়েছিল ?

(ঞ) "বড় মিঞার বাঁদির সাথে যদি হইল সাদী"
'বড় মিঞার বাঁদি' কে ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) "একদিনে কি সংসারে নিয়ম সব উল্টে গেল।"
বক্তা কে ? তিনি কাকে এ কথা বলেছেন ?

(খ) দারার স্ত্রী এবং কন্যার নাম কী ?

(গ) 'সাজাহান' নাটকে দারা কার হাতে, কোথায় ধরা পড়েছিলেন ?

(ঘ) দুলু তার স্ত্রীকে কত টাকায়, কার কাছে বিক্রি করেছিল ?

(ঙ) "এখন সয়তানটা খাবার দিবার বাধ্য।"
বক্তা কে ? 'সয়তান' বলতে কার কথা বলা হয়েছে ?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'সাজাহান' নাটকের 'যশোবন্ত সিংহ' চরিত্র আলোচনা করো।

(খ) "সে আমার পুত্র, আমার উদ্ধত পুত্র; আমার লজ্জা—আমার গৌরব।"
প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করো।

(গ) "তারা জানুক, সম্রাট সাজাহান স্নেহশীল—কিন্তু দুর্বল নয়।"
কে, কী প্রসঙ্গে এ কথা বলেছেন? প্রসঙ্গটি অতি সংক্ষেপে বর্ণনা করো।





(ঘ) 'ছেঁড়া তার' নাটকের 'গোবিন্দ' চরিত্রটি আলোচনা করো।

(ঙ) "মায়ের বুক থাকি উয়াক কাড়ি নিছি। হামার ভুলের মাশুল হামারে দ্যাওয়ায় নাইগবে।"
রহিমের এরূপ মন্তব্যের কারণ বর্ণনা করো।

(চ) 'ছেঁড়া তার' নাটকের 'মহিম' চরিত্রটির গুরুত্ব আলোচনা করো।

৪। প্রতি গুচ্ছ থেকে দুটি করে মোট চারটি প্রশ্নের উত্তর দাও :
১০×৪=৪০

ক—গুচ্ছ

(ক) "ঔরংজীবের সূক্ষ্ম শাণিত বুদ্ধি বারবার জয়লাভ করিয়াছে বটে, কিন্তু তাঁহার সর্বশেষ জয় হইয়াছে হৃদয়বৃত্তির করুণ আবেদনে।"
মন্তব্যটির যথার্থতা বিচার করো।

(খ) 'সাজাহান' নাটক অনুসরণে 'জাহানারা'-র চরিত্র-বৈশিষ্ট্যের পরিচয় দাও।

(গ) ট্র্যাজেডি নাটক হিসেবে 'সাজাহান'-এর সার্থকতা বিচার করো।

(ঘ) 'সাজাহান' নাটকের নারী-চরিত্র সৃষ্টিতে নাট্যকারের কৃতিত্ব আলোচনা করো।

খ—গুচ্ছ

(ঙ) ‘ছেঁড়া তার’ নাটক অনুসরণে ‘রহিমুদ্দি’ চরিত্র আলোচনা করো।

(চ) ‘ছেঁড়া তার’ নাটকের অপ্রধান চরিত্র সৃষ্টিতে নাট্যকারের কৃতিত্ব আলোচনা করো।

(ছ) ‘ছেঁড়া তার’ নাটক অবলম্বনে হাকিমুদ্দির শঠতা, কপটতা, ধূর্তামি, শয়তানির বিশদ পরিচয় দাও।

(জ) “আরও কত চোট্ খাওয়া নাইগবে, মনে মনে তাই খোদা-তালাক্ পুছ করি।”

প্রেক্ষাপট বর্ণনা করে রহিমের এই মন্তব্যের কারণ লেখো।

★★★